

# মালিতে স্ট্রিগার লড়াই নিয়ে ভিডিও

ইমপ্যাক্ট  
স্টাডি  
১৪

## ভূমিকা

২০১১ সালে এগ্রোইনসাইট এবং আইসিআরআইএসএটি একসাথে মিলে পরজীবী আগাছা স্ট্রিগা ব্যবস্থাপনা বিষয়ে ১০টি ভিডিওচিত্রের একটি ডিভিডি নির্মাণ করে। আইসিআরআইএসএটি পশ্চিম ও পূর্ব আফ্রিকায় ফরাসি, ইংরেজি এবং স্থানীয় ভাষায় হাজার হাজার ডিভিডি বিলি করে। ভিডিওগুলোতে সহায়তা কমই ছিল [যেমন, প্রশ্ন করে উত্তর জানার সুযোগ ছিল না] তাই ভিডিওগুলো তাদের নিজেদেরই বুঝে নিতে হয়েছিল।



কৃষকেরা নিজেদের কমিউনিটি শক্তিশালী করছে, নতুন কৌশল শিখছে, এবং দানাদার ফসলের ফলন উন্নত হয়েছে

## সামাজিক এবং প্রযুক্তিগত উদ্ভাবনী

যে কৃষকেরা ভিডিওগুলো দেখেছে তারা প্রায়োগিক ও সামাজিক উদ্ভাবনী তৈরি করতে পেরেছে। কৃষকেরা স্ট্রিগার বিরুদ্ধে লড়াই করার মতো কৌশলগুলো অভিযোজিত করতে পেরেছে। তারা দানাদার শস্য ও শিম-জাতীয় শস্য একত্রে চাষ করার নতুন শৈলী তৈরি করা, জৈবসার, হাতে টেনে স্ট্রিগা দমন, নতুন শস্যের জাত পরীক্ষা করা, ভালোভাবে বরবটির বীজ সংরক্ষণ, এবং মাইক্রোডোজিং পরীক্ষা করা (প্রত্যেকটি গাছের গোড়ায় কিছু জৈব ও খনিজ সার প্রয়োগ করতে হয়) রপ্ত করেছে।

ভিডিওগুলো স্পষ্টভাবে সামাজিক মিথস্ক্রিয়ার নতুন কোনো শৈলী বাতলে দেয় নি, তবে অনেক গ্রামে ভিডিওগুলো দেখে লোকেরা ধারণা পেয়েছিল, যা থেকে সামাজিক পরবর্তনের সূচনা হয়েছিল। উদাহরণস্বরূপ, মহিলাদের কিছু দল সাধারণ হিসাব পদ্ধতি ব্যবহার করে নিজেদের ধারণা শক্তিশালী করেছিল যে, তারা অর্থ উপার্জন করছে না অর্থ হারাচ্ছে। অন্য মহিলারা অর্থ উপার্জনের জন্য হাতে টেনে স্ট্রিগা নিয়ন্ত্রণ করার কাজে যোগ দিয়েছিল অন্য কৃষকদের সাথে। কাউনায় স্থানীয় নেতারা একটি ভিডিও কমিটি গঠন করেছিলেন এটা নিশ্চিত করতে যে, বড়ো গ্রামের সকলে যেন ভিডিওগুলো দেখতে পারে। (বেন্টলি এট আল। ২০১৭)।

## জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে বেশি ফসল ফলানো

জাউন্ডজি এট আল (২০১৮) সালে একটি স্টাডি করেন, তা থেকে জানা যায়, যেসব গ্রামে কৃষকেরা ভিডিওগুলো দেখেছেন তারা, যারা দেখেননি তাদের তুলনায় অনেক বেশি নতুন উদ্ভাবনী গ্রহণ করেছেন। ভিডিও দেখেছেন এমন গ্রামের ৯৯% কৃষক একইসাথে একাধিক ফসল চাষের পদ্ধতিতে চক্রাকারে মিশ্র চাষ করেছেন, তুলনায় অন্য গ্রামে যা ছিল মাত্র ৫৭%। মাইক্রোডোজিংয়ের ক্ষেত্রে ৯৯% বনাম ০%, শস্যের বৈচিত্র্যের ক্ষেত্রে ৯৪% বনাম ৫২%, সংক্ষিপ্ত চক্রের উন্নত বীজের জাত ব্যবহারের ক্ষেত্রে ৭৮% বনাম ১৭%।

যে সকল কৃষকেরা ভিডিওগুলো দেখেছিলেন তাদের চাহিদা মেটানোর জন্য দাগা ও সিরাকেলি গ্রামের মহিলাদের দলগুলো দানাদার শস্যের উন্নত মানের বীজ বিক্রি করতে শুরু করেছিলেন। ভিডিওগুলো উভয় মহিলা দলকে নিজেদের গ্রামে বীজ ব্যবসায়ী হতে অনুপ্রেরণা জুগিয়েছিল। উন্নত কৌশল ব্যবহারের চার বছর পর কৃষকেরা ঐতিহ্যবাহী খাদ্য সুরক্ষা ফসলের ক্ষেত্রে ১৪-৩০% বেশি ফসল ঘরে তুলেছেন। উদ্ভাবনীগুলো কৃষকদের উষ্ণ ও শুষ্ক জলবায়ুর সাথে সাফল্যের সাথে খাপ খাইয়ে নিতে সহায়তা করেছিল।

এই কেস স্টাডি এসডিসি এবং আইসিআরআইএসএটি-র উদার সহায়তায় সম্পন্ন হয়েছে। ধন্যবাদ বেটিনা হাসমানা, ইভা এবং ফ্রেড ওয়েল্টজেন-রাট্টেন্ডে

যোগাযোগ: পল ভ্যান মেল | paul@agroinsight.com

Bentley, J, P Van Mele, S Touré, T van Mourik, S Guindo & G Zoundji 2017 [Seeds of the Devil Weed](#): Local Knowledge & Learning from Videos in Mali. In P. Sillitoe (Ed) *Indigenous Knowledge: Enhancing its Contribution to Natural Resources Management*. Wallingford: CABI.

Zoundji, GC, SD Vodouhé, F Okry, J Bentley & RC Tossou 2018 [Beyond Striga Management](#): Learning Videos Enhanced Farmers' Knowledge on Climate-Smart Agriculture in Mali. *Sustainable Agriculture Research* 7(1), 80-91.

AGRO insight  
communicating agriculture



সারসংক্ষেপ ও  
ছবি : জেকফ  
বেন্টলে